Achieved by Walton HIL

ISO 9001: 2015, ISO 14001: 2015 &
ISO 45001: 2018 Certified Company


**ওয়ালটন সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম (সেন্ট্রাল)**

চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর, বাংলাদেশ, e-mail: support@waltonbd.com


সকলের জন্য উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করার লক্ষ্যে ঠিকানা
ও অন্যান্য তথ্যাবলি পরিবর্তন হতে পারে।

**যেকোনো সার্ভিস/তথ্যের জন্য যোগাযোগ করুন: 16267 অথবা 09612316267**

waltonbd.com

# WALTON

It's our product

## মাইক্রোওয়েভ ওভেন

# ওয়ারেন্টি কার্ড ও ব্যবহারবিধি




**মডেল: WMWO-M26EBL**

**ক্যাপাসিটি: ২৬ লিটার**

মাইক্রোওয়েভ ওভেনটি ব্যবহারের পূর্বে নির্দেশনাগুলো সতর্কতার সাথে পড়ুন এবং যত্ন সহকারে সংরক্ষণ করুন। নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণ করলে ওভেনটি আপনাকে অনেক বছর ভালো সেবা দিবে।

## সূচিপত্র


১. মাইক্রোওয়েভ শক্তির অত্যধিক সম্ভাব্য প্রতিফলন এড়াতে সতর্কতা এবং বৈশিষ্ট্যসমূহ ---------- ১

২. গুরুত্বপূর্ণ নিরাপত্তা নির্দেশনাসমূহ ---------- ২-৪

৩. ব্যক্তিগত ঝুঁকি এড়াতে করণীয় ---------- ৫

৪. পরিষ্কারকরণ ---------- ৬

৫. মাইক্রোওয়েভ ওভেনে যেসব উপাদান ব্যবহার করতে পারবেন ---------- ৭

৬. মাইক্রোওয়েভ ওভেনে যেসব উপাদান পরিহার করতে হবে ---------- ৭

৭. ওভেনের যন্ত্রাংশ ---------- ৮

৮. কাউন্টার টপ ইন্সটলেশন ---------- ৯

৯. পরিচালনার নির্দেশনাবলি ---------- ১০-১৬

১০. সমস্যা সমাধান ---------- ১৭


## মাইক্রোওয়েভ শক্তির অত্যধিক সম্ভাব্য প্রতিফলন এড়াতে সতর্কতা

ক. এই ওভেনটির দরজা খোলা রেখে চালানোর চেষ্টা করবেন না, এতে মাইক্রোওয়েভ শক্তির ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। এটা গুরুত্বপূর্ণ যে, সেফটি ইন্টারলকটি ভাঙা বা পরিবর্তন করা যাবেনা।

খ. ওভেনটির দরজা ও সামনের মুখের মাঝখানে কোনো কিছু রাখা যাবে না অথবা কোনো ময়লা বা পরিষ্কারক দ্রব্যাদি ওভেনটির সিলিং সারফেসের উপরে যেন না জমে।

গ. যদি দরজা অথবা দরজার সিল ভালোমত না লাগে তাহলে ওভেনটি একজন দক্ষ ব্যক্তি দ্বারা মেরামত না করা পর্যন্ত চালানো যাবে না।

**সংযোজন:**

যদি যন্ত্রপাতিগুলো পরিচ্ছন্নতার সঠিক নিয়মে পরিচালিত না হয় তবে ওভেনটির উপরি পৃষ্ঠের ক্ষতি হতে পারে যা যন্ত্রটির স্থায়িত্বের উপর প্রভাব ফেলতে পারে এবং একটি বিপজ্জনক অবস্থা তৈরি হতে পারে।

| বৈশিষ্ট্যসমূহ | |
|---|---|
| মডেল | WMWO-M26EBL |
| রেটেড ভোল্টেজ | 220V-230V~ 50Hz |
| রেটেড ইনপুট পাওয়ার (মাইক্রোওয়েভ) | ১৪৫০ ওয়াট |
| রেটেড আউটপুট পাওয়ার (মাইক্রোওয়েভ) | ৯০০ ওয়াট |
| রেটেড ইনপুট পাওয়ার (গ্রিল) | ১০০০ ওয়াট |
| ওভেন ধারনক্ষমতা | ২৬ লিটার |
| টার্নটেবিল ডায়ামিটার | ৩১৫ মিলিমিটার |
| পরিমাপ | ৫১৩ x ৪৩০ x ৩০৭ মিলিমিটার |
| মোট ওজন | ১৫.৪৭ কেজি (প্রায়) |

যন্ত্রটি ব্যবহারের সময় আগুন, বৈদ্যুতিক শক, আঘাত অথবা অত্যধিক মাইক্রোওয়েভ শক্তির সংস্পর্শের ঝুঁকি কমাতে নিম্নোক্ত মৌলিক সতর্কতাসমূহ অনুসরণ করুন:

১. সতর্কতা: তরল বোতলজাত খাবারের ক্যান এবং অন্যান্য খাদ্য বন্ধ করা পাত্রে গরম করা উচিত না, কারণ এগুলো বিস্ফোরণ ঘটানোর জন্য দায়ী।

২. সতর্কতা: একজন দক্ষ ব্যক্তি ছাড়া যন্ত্রটির যেকোনো সেবা বা মেরামতের কাজ বিপজ্জনক, যন্ত্রটির কভার মাইক্রোওয়েভ শক্তির বিকিরণ থেকে সকলকে নিরাপত্তা দেয়। সুতরাং দক্ষ ব্যক্তি ছাড়া এটি না খোলাই উত্তম।

৩. এই যন্ত্রটি ৮ বছরের অধিক যেকোনো শিশু বা ব্যক্তি যারা শারীরিকভাবে অক্ষম, মানসিক ভারসাম্যহীন, অনভিজ্ঞ ও অদক্ষ ব্যক্তিরাও ব্যবহার করতে পারবেন, যদি তাদেরকে নিরাপত্তাসহ যন্ত্রটির ব্যবহার, রক্ষণাবেক্ষণ বা নির্দেশনা সঠিকভাবে দেয়া হয়ে থাকে এবং বুঝে যে এর সাথে বিপদ জড়িত আছে।

৪. যন্ত্রটি এবং ইহার তার শিশুদের নাগালের বাইরে রাখুন।

৫. শুধুমাত্র মাইক্রোওয়েভ ওভেনের জন্য উপযুক্ত পাত্র ব্যবহার করুন।

৬. ওভেনটি নিয়মিত পরিষ্কার ও উচ্ছিষ্ট খাদ্য জমাট দূর করা উচিত।

৭. অবশ্যই 'মাইক্রোওয়েভ শক্তির অত্যধিক প্রতিফলন এড়াতে সতর্কতা' পড়ুন এবং অনুসরণ করুন।

৮. প্লাস্টিক অথবা কাগজের পাত্রে খাবার গরম করার সময় ওভেনের দিকে লক্ষ্য রাখুন, কারণ অগ্নিকান্ডের সম্ভাবনা থাকতে পারে।

৯. যদি ধোঁয়া নির্গত হয় তবে যন্ত্রটি বন্ধ করুন ও প্লাগটি খুলে দিন এবং অগ্নিশিখা রোধ করতে দরজাটি বন্ধ রাখুন।

১০. খাবার রান্না বা গরম ব্যতীত ওভেনের ভেতরের জায়গা অন্য কোনো কাজে ব্যবহার করবেন না।

১১. সংরক্ষণের জন্য রুটি, বিস্কুট ইত্যাদি ওভেনের ভেতর রাখবেন না।

১২. কাগজ এবং প্লাস্টিকের পাত্র বা ব্যাগ রাখার পূর্বে এদের বাঁধন এবং ধাতুর হাতল অপসারন করুন।

১৩. শুধুমাত্র প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ওভেনটি স্থাপন করুন।

১৪. খোসাযুক্ত ডিম এবং সম্পূর্ণ সিদ্ধ ডিম মাইক্রোওয়েভ ওভেনে গরম করা উচিত না। কারণ এতে বিস্ফোরণ ঘটতে পারে, এমনকি মাইক্রোওয়েভের উত্তাপ বন্ধ হওয়ার পরেও।





১৫. এই ওভেনটি গৃহস্থালি এবং অনুরূপ কাজের জন্য ব্যবহৃত হয়, যেমন:

- দোকান অফিস এবং অন্যান্য কর্ম পরিবেশের কর্মচারীদের রান্নাঘরের জন্য।
- হোটেল, মোটেল এবং অন্যান্য আবাসিক পরিবেশের ক্লায়েন্টদের জন্য।
- ফার্ম হাউজের জন্য।
- পারিবারিক পরিবেশের জন্য।

১৬. যদি সাপ্লাই তারটি ক্ষতিগ্রস্ত হয় তবে বিপদ এড়াতে প্রস্তুতকারক এবং সেবা প্রতিনিধি অথবা অনুরুপ দক্ষ ব্যক্তি দ্বারা প্রতিস্থাপন করতে হবে।

১৭. যন্ত্রটি ঘরের বাহিরে ব্যবহার করবেন না বা ফেলে রাখবেন না।

১৮. যন্ত্রটি পানি, স্যাঁতসেঁতে জায়গা বা সুইমিং পুলের পাশে ব্যবহার করবেন না।

১৯. যন্ত্রটি চালানো অবস্থায় এর উপরিপৃষ্ঠের তাপমাত্রা বেড়ে যেতে পারে। যন্ত্রটি চললে তাপমাত্রা বৃদ্ধি পাবেই। ওভেনের উপরিপৃষ্ঠ বা অন্য কোনো অংশ কোনো কাপড় বা অন্য কিছু দিয়ে ঢেকে রাখবেন না। এতে বায়ু সঞ্চালন বিঘ্নিত হবে।

২০. কর্ডটি টেবিল বা কাউন্টারের কিনারে ঝুলতে দেবেন না।

২১. ওভেনটি পরিচ্ছন্ন অবস্থায় পরিচালনায় ব্যর্থ হলে বিপজ্জনক অবস্থার সৃষ্টি হতে পারে এবং ওভেনটির স্থায়িত্বের উপর প্রভাব পড়তে পারে।

২২. ফিডিং বোতল এবং বেবি ফুড পাত্রের উপাদান সমূহ ঝাঁকিয়ে দিন এবং খাবারের তাপমাত্রা পরীক্ষা করে নিন যাতে মুখ/জিব পুড়ে না যায়।

২৩. বেভারেজের মাইক্রোওয়েভ হিটিং দেরীতে হতে পারে। তাই পাত্রগুলো সতর্কতার সাথে লক্ষ্য করতে হবে।

২৪. যন্ত্রটি তাদের জন্য নয় যারা শিশু, শারীরিকভাবে অক্ষম, মানসিক ভারসাম্যহীন, অনভিজ্ঞ ও অদক্ষ। যদি না তাদেরকে যন্ত্রটির সম্পর্কে সঠিক ধারনা, এর ব্যবহার এবং রক্ষণাবেক্ষণের ব্যাপারে নির্দেশনা দেয়া না হয়ে থাকে।

২৫. শিশুদের প্রতি লক্ষ্য রাখা উচিত যাতে তারা যন্ত্রটি নিয়ে খেলা না করে।

২৬. যন্ত্রটি বাহ্যিক কোনো টাইমার বা রিমোট কন্ট্রোল দ্বারা পরিচালিত হয় না।

২৭. যন্ত্রটি ব্যবহারের সময় প্রবেশযোগ্য অংশ গরম হতে পারে। তাই শিশুদের দূরে রাখুন।

২৮. স্টিম ক্লিনার ব্যবহার করবেন না ।

২৯. যন্ত্রটি ব্যবহারের সময় গরম হয়। সতর্ক থাকবেন যাতে ওভেনের ভেতরের কোনো অংশের সাথে স্পর্শ না লাগে। বিশেষত উপরের কয়েলের সাথে হাত যেন না লাগে।

৩০. শুধুমাত্র এই ওভেনটির জন্য প্রস্তাবিত তাপমাত্রা প্রোব (Temperature probe) ব্যবহার করুন। (বিশেষ কিছু মডেলের ওভেনের জন্য প্রোব দেয়া হয়)।

৩১. যন্ত্রটি এবং ইহার প্রবেশযোগ্য অংশগুলো ব্যবহারের সময় উত্তপ্ত হয়। সতর্ক থাকবেন যাতে চুলার কোন গরম অংশে স্পর্শ না লাগে। ৮ বছরের নীচের শিশুদের দূরে রাখুন যদি তাদেরকে সবসময় তত্ত্ববধান না করা হয়।

৩২. সতর্কতা: মাইক্রোওয়েভ ওভেনটি এটির সজ্জিত দরজার মাধ্যমে পরিচালনা করুন। (কিছু ওভেনের সাথে একটি সজ্জিত দরজা থাকে)।

৩৩. ওভেন এরূপভাবে স্থাপন করতে হবে যেন পেছনে দেয়াল থাকে।

৩৪. মাইক্রোওয়েভ ওভেনটি র‍্যাক বা আলমারিতে স্থাপন করবেন না।

৩৫. মাইক্রোওয়েভ ওভেনটি খাবার গরম বা রান্না এবং পানীয় গরম করার জন্য তৈরি তাই কাপড় শুকানো, প্যাড, স্লিপার,স্পঞ্জ, ভেজা কাপড় বা অনুরূপ কিছু গরম করলে দুর্ঘটনা অথবা অগ্নিকান্ডের ঝুঁকি রয়েছে।

৩৬. মাইক্রোওয়েভে রান্নার সময় খাদ্য ও পানীয়ের সাথে ধাতুর তৈরি পাত্র প্রবেশ করাবেন না।

**বিশেষ দ্রষ্টব্যঃ ওভেনটি ১৬ এ্যাম্পিয়ারের সকেটে সংযোগ দেবেন**





**গ্রাউন্ডিং ইন্সটলেশনঃ**

**বৈদ্যুতিক শক:** ওভেনের কিছু অভ্যন্তরীন উপাদান স্পর্শের কারণে ব্যক্তিগত মারাত্মক ক্ষতি হতে পারে। তাই যন্ত্রটি খুলে ইন্সটলেশন করবেন না।

**সতর্কতা:**

১. গ্রাউন্ডিং-এর ভুল ব্যবহারের কারণে বৈদ্যুতিক শক হতে পারে।

২. যন্ত্রটি সঠিকভাবে গ্রাউন্ডিং এবং স্থাপিত হওয়ার আগ পর্যন্ত কোনো আউটলেটে সংযোগ দিবেন না।

৩. যন্ত্রটি গ্রাউন্ডেড করতে হবে। বৈদ্যুতিক শর্ট সার্কিটের ঘটনার সময় গ্রাউন্ডিং একটি অব্যহতি প্রবাহ প্রদানের মাধ্যমে বৈদ্যুতিক শকের ঝুঁকি কমায়।

এই যন্ত্রটির গ্রাউন্ডিং কর্ড গ্রাউন্ডিং প্লাগের সাথে সজ্জিত থাকে। প্লাগটি ভালোভাবে আউটলেটে সংযুক্ত করতে হবে, যা সঠিকভাবে স্থাপিত এবং গ্রাউন্ডেড হয়েছে।

যদি গ্রাউন্ডিং নির্দেশনা সঠিকভাবে না বুঝে থাকেন বা যদি সন্দেহ হয় যে যন্ত্রটি সঠিকভাবে গ্রাউন্ডেড হয়েছে কি না, তবে দক্ষ ইলেকট্রিশিয়ান অথবা সার্ভিসম্যানের সাথে পরামর্শ করুন।

যদি বাড়তি কর্ড ব্যবহারের প্রয়োজন হয় তবে ১টি 3-Wire Extension কর্ড ব্যবহার করুন।

একটি দীর্ঘ কর্ড থেকে জড়িত বিপদ কমাতে একটি শর্ট পাওয়ার সাপ্লাই কর্ড প্রদান করা হয়েছে।

যদি একটি লম্বা কর্ড সেট অথবা Extension তার ব্যবহার করা হয়:

১. কর্ড সেটটির চিহ্নিত বৈদ্যুতিক রেটিং অথবা Extension কর্ডটি, যন্ত্রটির বৈদ্যুতিক রেটিংয়ের সাথে মিল থাকতে হবে।

২. Extension কর্ডটি অবশ্যই 3-Wire কর্ড হতে হবে।

৩. দীর্ঘ কর্ডটি সাজিয়ে রাখা উচিত যাতে Counter-এর উপর বা টেবিলের কিনারে ঝুলে না থাকে, কারণ এটা শিশুদের দ্বারা বা অনিচ্ছাকৃতভাবে টান লেগে যেতে পারে।

নিশ্চিত হোন যন্ত্রটি পাওয়ার সাপ্লাই থেকে খোলা হয়েছে কি না।

১. ব্যবহারের পর একটি ভেজা কাপড় দিয়ে ওভেনের ভেতরের অংশগুলো পরিষ্কার করুন।

২. Accessories গুলো সাবানের পানিতে ধুয়ে রাখুন।

৩. দরজার ফ্রেম, সিল এবং পাশাপাশি অংশগুলো নোংরা হলে একটি ভেজা কাপড় দিয়ে পরিষ্কার করুন।

৪. কঠিন, খসখসে পরিষ্কারক বা কোনো ধাতব স্ক্রেপার দিয়ে ওভেনের গ্লাস ডোর পরিষ্কার করবেন না। এতে গ্লাসের উপর দাগ পড়ে যাবে যা গ্লাসটির ক্ষয়সাধন করতে পারে।

৫. পরিচ্ছন্নতা পরামর্শ: ওভেনের ভেতরের অংশ যেখানে খাবার রান্না করা হয়, সেটা সহজভাবে পরিষ্কার করা যায়;

একটি বাটিতে অর্ধেক লেবু রাখুন এবং তাতে ৩০০ মিলিলিটার পানি মেশান। তারপর মাইক্রোওয়েভে ১০০% পাওয়ারে ১০ মিনিট গরম করুন। একটি পরিষ্কার নরম শুকনো কাপড় দিয়ে মুছে ফেলুন।

**পাত্র ব্যবহারের সতর্কতা:**

ব্যক্তিগত আঘাতজনিত বিপদ:

একজন দক্ষ ব্যক্তি ছাড়া যন্ত্রটির যেকোনো কাজ বা মেরামতের কাজ করা অন্য যেকোনো ব্যক্তির জন্য বিপজ্জনক, একটি কভার সরানোর সাথে জড়িত যা মাইক্রোওয়েভ পাওয়ার প্রতিফলনের বিরুদ্ধে নিরাপত্তা দেয়।

নির্দেশনাগুলো দেখুন 'যেসব জিনিস মাইক্রোওয়েভ ওভেনে ব্যবহার করতে পারবেন আর যেগুলো ব্যবহার করতে পারবেন না'।

কতিপয় ধাতুর পাত্র থাকতে পারে যা মাইক্রোওয়েভ ওভেনে ব্যবহার নিরাপদ নয়। যদি সন্দেহ থাকে তবে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষা করতে পারেন।

**পাত্র পরীক্ষা:**

১. মাইক্রোওয়েভের উপযুক্ত একটি পাত্রে এক কাপ ঠান্ডা ২৫০ মিলিলিটার পানি নিন এবং যেই পাত্র নিয়ে সন্দেহ আছে তা সহ দুটি পাত্রই একত্রে ওভেনে স্থাপন করুন।

২. সর্বোচ্চ পাওয়ারে যে পাত্র নিয়ে সন্দেহ ছিল, তা ১ মিনিট তাপ দিন।

৩. সতর্কতার সাথে পাত্রটি স্পর্শ করুন। যদি খালি পাত্রটি গরম হয় তবে মাইক্রোওয়েভ ওভেনে তা ব্যবহার করবেন না।

৪. ১ মিনিটের বেশি রান্না করবেন না।



## যেসব উপাদান মাইক্রোওয়েভ ওভেনে ব্যবহার করতে পারবেন

| পাত্র | মন্তব্য |
|---|---|
| অ্যালুমিনিয়াম ফয়েল | শুধুমাত্র ঢাকার কাজে ব্যবহার্য। মাংসের টুকরা এবং পোল্ট্রি জাতীয় মাংসের টুকরা অতিরিক্ত রান্না থেকে সুরক্ষার জন্য ছোট এবং মসৃন খন্ড ব্যবহার করা যেতে পারে। দেয়ালের খুব কাছে রাখলে বিদ্যুতের ঝলক তৈরি হতে পারে। চুলার দেয়াল থেকে ফয়েলটি কমপক্ষে ১ ইঞ্চি (২.৫ সে.মি.) দূরে রাখতে হবে। |
| ব্রাউনিং ডিস | উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন। ব্রাউনিং ডিসের নিচের অংশ Turntable থেকে কমপক্ষে ৩/১৬ ইঞ্চি (৫ মি.মি.) উপরে থাকবে। ভুল ব্যবহারের ফলে Turntable ভেঙে যেতে পারে। |
| ডিনারওয়্যার | শুধুমাত্র মাইক্রোওয়েভ নিরাপদ পাত্র। উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন। অমসৃণ এবং ভাঙা পাত্র ব্যবহার করবেন না। |
| গ্লাস জার | সর্বদাই ঢাকনা সরিয়ে রাখুন। শুধুমাত্র খাবার গরম করতে ব্যবহার করুন। অধিকাংশ কাঁচের পাত্র তাপরোধী নয় ফলে ভেঙে যেতে পারে। |
| গ্লাসওয়্যার | শুধুমাত্র তাপ প্রতিরোধী কাঁচের পাত্র। কোনো ধাতব ট্রিম আছে কি না তা নিশ্চিত করুন। ভাঙা পাত্র ব্যবহার করবেন না। |
| ওভেন কুকিং ব্যাগ | উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন। ধাতব বন্ধনীর সাথে রেখে ব্যাগের মুখ বন্ধ করবেন না। ধোঁয়া বের হতে ফাঁক রাখুন। |
| পেপার প্লেট এবং কাপ | স্বল্প মেয়াদী রান্নায় ব্যবহারের জন্য। রান্না চলাকালীন সময়ে ওভেনের প্রতি অমনোযোগী হবেন না। |
| পেপার টাওয়েল | খাবার ঢেকে পুনরায় গরম করতে বা চর্বি কমাতে ব্যবহার করুন। স্বল্প মেয়াদের জন্য ব্যবহার করুন। |
| পার্চমেন্ট পেপার | ধোঁয়ার জন্য পানি ছিটানো প্রতিরোধে একটি ঢাকনা ব্যবহার করুন। |
| প্লাস্টিক | শুধুমাত্র মাইক্রোওয়েভ উপযোগী পাত্র। উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন। মাইক্রোওয়েভ উপযোগী/Microwave Safe চিহ্ন থাকবে পাত্রের গায়ে। কিছু প্লাস্টিক পাত্র খাবার গরম হওয়ার সাথে সাথে নরম হয়ে যায়। বয়লিং ব্যাগ এবং শক্তভাবে বন্ধ করা প্লাস্টিক ব্যাগসমূহ প্যাকেজের নির্দেশনা অনুসারে ফালি, ছিদ্র করা উচিত। |
| প্লাস্টিক মোড়ক | মাইক্রোওয়েভ উপযোগী/Microwave Safe চিহ্ন থাকবে। রান্নার সময় খাবারকে ভেজা রাখতে ঢাকার জন্য ব্যবহার করুন। প্লাস্টিক মোড়কে খাবার স্পর্শ করতে দিবেন না। |
| থার্মোমিটার | মাইক্রোওয়েভ উপযোগী/Microwave Safe চিহ্ন থাকবে। (মাংস এবং ক্যান্ডি থার্মোমিটার) |
| ওয়াক্স পেপার | পানি ছিটানো প্রতিরোধে এবং খাবারকে ভেজা রাখতে ব্যবহার করুন। |


## মাইক্রোওয়েভ ওভেনে যেসব উপাদানের পাত্র পরিহার করতে হবে


| পাত্র | মন্তব্য |
|---|---|
| অ্যালুমিনিয়াম ট্রে | বিদ্যুৎ পরিবহণ ঘটতে পারে। খাদ্যকে মাইক্রোওয়েভ উপযুক্ত পাত্রে স্থানান্তর করুন। |
| ধাতব হাতলসহ ফুড কার্টন | বিদ্যুৎ পরিবহণ ঘটতে পারে। খাদ্যকে মাইক্রোওয়েভ উপযুক্ত পাত্রে স্থানান্তর করুন। |
| মেটাল বা মেটাল ট্রিমড পাত্র | ধাতু মাইক্রোওয়েভ বিকিরণকে খাদ্য পর্যন্ত পৌছতে দেয় না। ধাতুর কারণে বৈদ্যুতিক ঝলক তৈরি হতে পারে। মেটাল ট্রিমের কারণে বিদ্যুৎ পরিবহণ ঘটতে পারে। |
| ধাতুর পাকানো বন্ধন | বিদ্যুৎ ঝলক ঘটতে পারে এবং ওভেনে আগুন লাগতে পারে। |
| প্লাস্টিক ফোম | অতিরিক্ত তাপমাত্রায় প্লাস্টিক ফোম গলে যেতে পারে ও তরল জাতীয় খাদ্যকে দূষিত করতে পারে। |
| কাঠ | কাঠ মাইক্রোওয়েভ ওভেনে ব্যবহারের সময় শুকিয়ে যাবে এবং ভেঙে যেতে পারে। |

ওভেনের বিভিন্ন অংশ এবং আনুষঙ্গিক উপকরণের নামসমূহ:
ওভেন ও সমস্ত জিনিসপত্র কার্টন থেকে বের করুন।
ওভেনের নিম্নোক্ত আনুষঙ্গিক উপকরণ রয়েছে:

গ্লাস ট্রে: ১ টি
টার্নটেবিল রিং এ্যাসেম্বলি: ১ টি

ব্যবহারবিধি: ১ টি




গ্রিল র‍্যাক (Grill Rack)
শুধুমাত্র গ্রিল তৈরির সময় ব্যবহার করতে হবে এবং গ্লাস ট্রের উপর রাখতে হবে

a. Control Panel
b. Turntable Shaft
c. Turntable Ring Assembly
d. Glass Tray
e. Observation Window
f. Door Assembly
g. Safety Interlock System

**টার্নটেবল ইনস্টলেশন:**




ক. গ্লাস ট্রে-টি কখনো উল্টো বসাবেন না। গ্লাস ট্রে-টি কখনো বেঁধে রাখা উচিত না।

খ. গ্লাস ট্রে এবং Turnable assembly সর্বদা ব্যবহার করতে হবে।

গ. রান্নার জন্য সকল খাদ্য এবং খাদ্যের পাত্র সর্বদাই গ্লাস ট্রের উপরে রাখবেন।

ঘ. যদি গ্লাস ট্রে অথবা ফেঁটে যায় বা ভেঙে যায় তবে আপনার নিকটস্থ অনুমোদিত সেবা কেন্দ্রে যোগাযোগ করুন।






প্যাকেটের ভিতর থাকা সকল উপাদান ও আনুষঙ্গিক উপকরণ বের করে ফেলুন। ওভেনটি পরীক্ষা করে নিন এটি ক্ষতিগ্রস্ত কি না, যেমন: ওভেন ভেতর বা এর দরজা ভাঙা। ওভেনটি ক্ষতিগ্রস্ত হলে স্থাপন করবেন না।

**কেবিনেট:** মাইক্রোওয়েভ ওভেনের কেবিনেটের ভেতরে পাওয়া সকল রক্ষিত ফিল্ম বের করুন। ম্যাগনেট্রোনকে রক্ষা করার জন্য ওভেনের ভেতর সংযুক্ত যে হালকা বাদামী মাইকা (Mica) কভার আছে তা সরাবেন না।

**স্থাপন:**

১. এমন একটি স্থান বেছে নিন যেখানে বায়ু আগমন এবং নির্গমনের জন্য যথেষ্ট জায়গা থাকে।
২. স্থাপনের সর্বনিম্ন উচ্চতা হবে ৮৫ সে.মি.
৩. যন্ত্রটির পেছনের পৃষ্ঠটি দেয়ালের কাছে স্থাপন করুন। ওভেনের উপরে সর্বনিম্ন ৩০ সে.মি. ফাঁকা রাখুন এবং ওভেন ও দেয়ালের মাঝে কমপক্ষে ২০ সে.মি. ফাঁকা রাখুন।
৪. ওভেনের নিচ থেকে পাগুলো সরাবেন না।
৫. বাষ্প সৃষ্টি এবং নির্গমনের স্থান ব্লক হয়ে গেলে ওভেনের ক্ষতি হতে পারে।
৬. ওভেনটি যতটুকু সম্ভব রেডিও এবং টিভি থেকে দূরে স্থাপন করুন। মাইক্রোওয়েভ পরিচালনার সময় রেডিও ও টিভির রিসেপশনে সমস্যা হতে পারে।
৭. একটি আদর্শ আউটলেটে আপনার ওভেনটি সংযুক্ত করুন। ভোল্টেজ এবং ফ্রিকুয়েন্সির রেটিং লেবেলের ভোল্টেজ এবং ফ্রিকুয়েন্সির সাথে মিল আছে কিনা নিশ্চিত হোন।




**সতর্কতা:**
ওভেনটি অন্য কোনো ওভেন বা তাপ উৎপন্ন করে এমন যন্ত্রপাতির উপরে স্থাপন করবেন না। যদি তা করা হয় তবে ওভেনটি ক্ষতিগ্রস্ত হতে পারে এবং ওয়ারেন্টি বাতিল হবে।

অপারেশনের সময় বস্তুর উপরিভাগ গরম হতে পারে



পরিচালনা নির্দেশনা:

মাইক্রোওয়েভ ওভেনে বিদ্যুৎ সংযোগ দেওয়ার পর, পর্দায় '0:00' প্রদর্শিত হবে এবং একটিবার ঘন্টা বাজিয়ে সংকেত প্রদান করবে।

১. 'Clock/kitchen Timer' বোতামটি একবার চাপুন, পর্দায় ঘন্টার (সময়) প্রতীক প্রদর্শিত হবে।

২. ' ' নবটি কাংখিত লেভেলে ঘুরিয়ে, ঘণ্টা (সময়) সমন্বয় করুন, অবশ্যই ইনপুট সময়টি ০-২৩ এর মধ্যে নির্ধারণ করতে হবে।

৩. 'Lock/kitcher Kitchen Timer' বোতামটি চাপুন, পর্দায় মিনিটের (সময়ের প্রতীক) প্রদর্শিত হবে।

৪. ' ' নবটি কাংখিত লেভেলে ঘুরিয়ে, মিনিট (সময়) সমন্বয় করুন, অবশ্যই ইনপুট সময়টি ০-৫৯ এর মধ্যে নির্ধারণ করতে হবে।

৫. 'Clock/kitcher Kitchen Timer' বোতামটি চাপুন, ক্লক সেটিং সম্পন্ন করার জন্য পর্দায় '.' প্রতীকটি প্রদর্শিত হবে, সময় আলোকিত হবে।

**বিঃ দ্রঃ**

ক. যদি সময় সেট না করা হয় তবে অ্যাপ্লায়েন্স চালু করার পরও মাইক্রোওয়েভ কাজ করবে না।

খ. ক্লক সেটিং এর সময়, যদি 'Stop/Clean' বোতামটি চাপেন তবে ওভেনটি সয়ংক্রিয়ভাবেই পূর্ববর্তী অবস্থানে ফিরে যাবে।

**মাইক্রোওয়েভ কুকিং:**

Microwave বোতাম চাপুন, পর্দায় 'P100' প্রদর্শিত হবে। সময় নির্ধারণের জন্য Microwave বোতামটি চাপুন অথবা আপনার পছন্দ অনুসারে পাওয়ার নির্বাচনের জন্য ' ' নবটি ঘুরান এবং প্রতিটি সংযোজিত প্রেসের জন্য পর্দায় P100, P80, P50, P30 অথবা P10 প্রদর্শিত হবে। তারপর কনফার্ম করার জন্য START/+30SEC./CONFIRM চাপুন এবং নবটি ঘুরিয়ে 0.05 থেকে 95.00 এ রান্নার সময় সেট করুন। তারপর রান্না শুরু করার জন্য পুনরায় START/+30SEC./CONFIRM চাপুন।

**উদাহরণ:**

যদি আপনি রান্নার কাজে ৮০% মাইক্রোওয়েভ পাওয়ার ২০ মিনিটে জন্য ব্যবহার করতে চান তবে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করুন।



পরিচালনার নির্দেশনাবলি

১. Microwave একবার চাপুন, পর্দায় P100 প্রদর্শিত হবে।

২. পুনরায় Microwave একবার চাপুন অথবা ৮০% মাইক্রোওয়েভ পাওয়ার ব্যবহারের জন্য ' ' নবটি ঘুরান।

৩. কনফার্ম করার জন্য START/+30SEC./CONFIRM চাপুন এবং পর্দায় P80 প্রদর্শিত হবে।

৪. ' ' নবটি ঘুরিয়ে রান্নার সময় অ্যাডজাস্ট করুন যতক্ষণ না পর্দায় '20:00' প্রদর্শিত হয়।

৫. রান্না শুরু করার জন্য START/+30SEC./CONFIRM চাপুন।

**বিঃ দ্রঃ কোডিং সুইচের সময় অ্যাডজাস্টমেন্টের জন্য ধাপের পরিমাণগুলি নিম্নরূপ:**

০-১ মিনিট: ৫ সেকেন্ড

১-৫ মিনিট: ১০ সেকেন্ড

৫-১০ মিনিট: ৩০ সেকেন্ড

১০-৩০ মিনিট: ১ মিনিট

৩০-৯৫ মিনিট: ৫ মিনিট

**মাইক্রোওয়েভ প্যাড নির্দেশনা:**

| আদেশ | প্রদর্শন | মাইক্রোওয়েভ পাওয়ার |
|---|---|---|
| ১ | P100 | ১০০% |
| ২ | P80 | ৮০% |
| ৩ | P50 | ৫০% |
| ৪ | P30 | ৩০% |
| ৫ | P10 | ১০% |

**গ্রিল বা কম্বিনেশন কুকিং:**

'GRILL/COMBI' চাপুন, পর্দায় 'এ' প্রদর্শিত হবে এবং সময় নির্ধারণের জন্য 'GRILL/COMBI' চাপুন অথবা ' ' নবটি ঘুরান আপনার পছন্দ অনুযায়ী পাওয়ার নির্বাচনের জন্য এবং 'এ' 'C-1' অথবা 'C-2' পর্দায় প্রদর্শিত হবে প্রতিটি সংযোজিত প্রেসের জন্য। তারপর কনফার্ম করার জন্য START/+30SEC./CONFIRM চাপুন এবং রান্নার সময় ০.০৫ থেকে ৯৫.০ এর মধ্যে নির্ধারণ করার জন্য ' ' নবটি ঘুরান। রান্না শুরু করার জন্য পুনরায় START/+30SEC./CONFIRM চাপুন।

**উদাহরণ:** যদি আপনি ৫৫% মাইক্রোওয়েভ পাওয়ার এবং ৪৫% গ্রিল পাওয়ার ১০ মিনিট রান্নার কাজে ব্যবহার করতে চান তবে নিম্নলিখিত পদ্ধতিগুলো অনুসরণ করুন।

১. 'Grill/Combi' একবার চাপুন। পর্দায় 'G' প্রদর্শিত হবে।

২. পুনরায় 'Grill/Combi' একবার চাপুন অথবা ' ' নবটি ঘুরান Combi 1 মোড নির্বাচন করার জন্য।

৩. 'START/+30SEC./CONFIRM' চাপুন, কনফার্ম করার জন্য এবং পর্দায় 'C-1' প্রদর্শিত হবে।

৪. রান্নার সময় অ্যাডজাস্ট করার জন্য ' ' নবটি Maximum time can be set 95:00 min।

৫. রান্না শুরুর জন্য 'START/+30SEC./CONFIRM' চাপুন।

**গ্রিল বা কম্বিনেশন প্যাড নির্দেশনা:**

| আদেশ | প্রদর্শন | মাইক্রোওয়েভ পাওয়ার | গ্রিল পাওয়ার |
|---|---|---|---|
| ১ | G | ০% | ১০০% |
| ২ | C-1 | ৫৫% | ৪৫% |
| ৩ | C-2 | ৩৬% | ৬৪% |

বিঃ দ্রঃ যদি গ্রিলের সময় অতিক্রম করে, তবে ওভেন দুইবার শব্দ করবে এবং এটা স্বাভাবিক। খাবার ভালোভাবে গ্রিল করার জন্য খাবারটিকে ভালোভাবে বারবার ঘুরিয়ে দরজা বন্ধ করুন এবং রান্নার প্রক্রিয়া চলমান রাখার জন্য 'START/+30SEC./CONFIRM' চাপুন।

**দ্রুত শুরু:**

১. অপেক্ষারত অবস্থায়, ৩০ সেকেন্ড সময়ের জন্য ১০০% পাওয়ারে রান্না শুরু করতে 'STATR/+30SEC./CONFIRM' চাপুন। প্রতিবার সংযোজিত প্রেসে ৩০ সেকেন্ড করে রান্নার সম ৯৫ মিনিট পর্যন্ত বাড়ানো যাবে।

২. মাইক্রোওয়েভ, গ্রিল, কম্বি ফাংশনে রান্না অথবা টাইম ডিফ্রস্টিং, প্রতিবার 'START/+30SEC./CONFIRM' প্রেস করে রান্নার সময় ৩০ সেকেন্ড বৃদ্ধি করতে পারবেন।

৩. অপেক্ষারত অবস্থায়, ১০০% মাইক্রোওয়েভ পাওয়ার দিয়ে রান্নার সময় সেট করতে অ্যান্টি-ক্লকওয়াইজ ' ' নবটি ঘুরিয়ে দিন, তারপর রান্না শুরু করতে 'START/+30SEC./CONFIRM' চাপুন।

**ডিফ্রস্ট বাই ওয়েট:**

১. 'Weight Defrost' একবার চাপুন এবং ওভেনটি DEF1 প্রদর্শন করবে।

২. খাবারের ওজন ১০০ থেকে ২০০০ গ্রাম পর্যন্ত নির্বাচন করতে নবটি ঘুরান।

৩. Defrosting শুরু করতে 'START/+30SEC./CONFIRM' চেপে কনফার্ম করুন।





**ডিফ্রস্ট বাই টাইম:**

১. 'Time Defrost' একবার চাপুন, এবং ওভেনে DEF2 প্রদর্শিত হবে।

২. ডিফ্রস্ট সময় নির্বাচন করতে ' ' নবটি ঘুরান। সর্বোচ্চ সময় ৯৫ মিনিট।

৩. 'START/+30SEC./CONFIRM' চেপে ডিফ্রস্টিং শুরু করুন। পাওয়ার হল P1 এবং এটা এডজাস্ট করা যাবে না।

**অটো মেনু:**

১. ' ' নব ঘুরিয়ে মেনু নির্বাচন করুন এবং পর্দায় A-1 থেকে A-8 প্রদর্শিত হবে, যার অর্থ পিজ্জা, মাংস, সবজি, পাস্তা, আলু, মাছ, পানীয়, পপকর্ন।

২. কনফার্ম করতে 'START/+30SEC./CONFIRM' চাপুন।

৩. মেনু চার্ট হিসাবে ডিফল্ট ওয়েট নির্বাচন করতে ' ' নবটি ঘুরান।

৪. রান্না শুরু করতে 'START/+30SEC./CONFIRM' চাপুন।

**উদাহরণ:**

আপনি যদি ৩৫০ গ্রাম মাছ রান্না করতে 'অটো মেনু' ব্যবহার করতে চান তবে নিম্নলিখিত পদক্ষেপগুলো অনুসরণ করুন।

১. 'A-6' প্রদর্শন না হওয়া অবধি ' ' নবটি ঘড়ির কাঁটার দিকে ঘুরান।

২. নিশ্চিত করতে 'START/+30SEC./CONFIRM' চাপুন।

৩. '350' প্রদর্শন না হওয়া অবধি মাছের ওজন নির্বাচন করতে ' ' নবটি ঘুরান।

৪. রান্না শুরু করতে 'START/+30SEC./CONFIRM' চাপুন।

**অটো মেনু তালিকা:**

| মেনু | ওজন | ডিসপ্লে |
|---|---|---|
| A-1 পিজ্জা | ২০০ গ্রাম | ২০০ |
| | ৪০০ গ্রাম | ৪০০ |
| A-2 মাংস | ২৫০ গ্রাম | ২৫০ |
| | ৩৫০ গ্রাম | ৩৫০ |
| | ৪৫০ গ্রাম | ৪৫০ |
| A-3 সবজি | ২০০ গ্রাম | ২০০ |
| | ৩০০ গ্রাম | ৩০০ |
| | ৪০০ গ্রাম | ৪০০ |
| A-4 পাস্তা | ৫০ গ্রাম (৪৫০ মি. লি. ঠান্ডা পানির সাথে) | ৫০ |
| | ১০০ গ্রাম (৮০০ মি. লি. ঠান্ডা পানির সাথে) | ১০০ |
| A-5 আলু | ২০০ গ্রাম | ২০০ |
| | ৪০০ গ্রাম | ৪০০ |
| | ৬০০ গ্রাম | ৬০০ |
| A-6 মাছ | ২৫০ গ্রাম | ২৫০ |
| | ৩৫০ গ্রাম | ৩৫০ |
| | ৪৫০ গ্রাম | ৪৫০ |
| A-7 বেভারেজ | ১ কাপ (১২০ মি. লি.) | ১ |
| | ২ কাপ (২৪০ মি. লি.) | ২ |
| | ৩ কাপ (৩৬০ মি. লি.) | ৩ |
| A-8 পপকর্ন | ৫০ গ্রাম | ৫০ |
| | ১০০ গ্রাম | ১০০ |





**কিচেন টাইমার:**

১. ‘Clock/Kitchen Timer’ দুইবার চাপুন, পর্দায় 00:00 প্রদর্শিত হবে।

২. সঠিক সময় প্রবেশ করতে ‘ ’ নবটি ঘুরান ((সর্বোচ্চ রান্নার সময় ৯৫ মিনিট)।

৩. সেটিংস নিশ্চিত করতে ‘ ’ START/+30SEC./CONFIRM’ চাপুন, ঘড়ির সূচকটি আলোকিত হবে।

৪. রান্নার সময় শেষ হয়ে গেলে ঘড়ির সূচকটি বন্ধ হয়ে যাবে। ঘন্টাটি ৫ বার বেজে উঠবে।

যদি ঘড়িটি সেট করা থাকে (২৪ ঘন্টা সিস্টেম), পর্দায় বর্তমান সময় প্রদর্শিত হবে।

**দ্রষ্টব্য:** কিচেন টাইম ঘড়ির ২৪ ঘন্টা সিস্টেম থেকে সম্পূর্ণ আলাদা। কিচেন টাইমার ভিন্ন ধরনের টাইমার।

**মাল্টি-সেকশন রান্না:**

সর্বামোট দুটি বিভাগ রান্নার জন্য সেট করা যেতে পারে। মাল্টি-সেকশন রান্নায়, যদি একটি বিভাগ ডিফ্রস্টিং হয়, তবে ডিফ্রস্টিং প্রথম বিভাগে রাখা হবে।

দ্রষ্টব্য: অটো মেনু রান্না বহু-বিভাগের রান্নার এক বিভাগ হিসাবে কাজ করতে পারে না।

**উদাহরণ:**

আপনি যদি ৫ মিনিটের জন্য খাবার ডিফ্রস্ট করতে চান তবে ৮০% মাইক্রোওয়েভ পাওয়ার দিয়ে ৭ মিনিটের জন্য রান্না করুন এবং এর জন্য নিম্নলিখিত পদ্ধতিতে পরিচালনা করুন:

১. ‘5:00’ প্রদর্শন না হওয়া অবধি ডিফ্রস্ট সময় নির্বাচন করতে ‘ ’ নবটি ঘুরান।

৩. ‘Microwave’ একবার চাপুন, স্ক্রিনে ‘P100’ প্রদর্শন করবে।

৪. পুনরায় ‘Microwave’ চাপুন অথবা ৮০% মাইক্রোওয়েভ পাওয়ার নির্বাচন করতে ‘ ’ নবটি ঘুরান।

৫. কনফার্ম করতে ‘START/+30SEC./CONFIRM’ চাপুন এবং স্ক্রিনে ‘P 80’ প্রদর্শিত হবে।

৬. ওভেনে ‘7:00’ প্রদর্শিত না হওয়া পর্যন্ত রান্নার সময় এডজাস্ট করতে ‘ ’ নবটি ঘুরান।

৭. রান্না শুরু করতে ‘START/+30SEC./CONFIRM’ চাপুন এবং ঘন্টাটি প্রথম বিভাগের জন্য একবার সংকেত দিবে, ডিফ্রস্টিং সময় গণনা করবে; দ্বিতীয় বিভাগের রান্না শুরু করার জন্য পুনরায় ঘন্টা বাজিয়ে সংকেত দিবে। রান্না শেষ হয়ে গেলে পাঁচবার ঘন্টা বাজিয়ে সংকেত দিবে।

**ইনকয়ারিং ফাংশন:**

ক. মাইক্রোওয়েভ, গ্রিল এবং কম্বিনেশন রান্নার জন্য ‘Microwave’ চাপুন। কারেন্ট পাওয়ার ৩ সেকেন্ডের জন্য প্রদর্শিত হবে। ৩৩ সেকেন্ড পরে ওভেন আবার আগের অবস্থায় ফিরে যাবে;

খ. রান্না চলাকালীন অবস্থায়, সময় অনুসন্ধানের জন্য ‘CLOCK/KITCHEN TIMER’ চাপুন এবং সময় ৩ সেকেন্ডের জন্য প্রদর্শন করবে।

**বাচ্চাদের জন্য লক-আউট ফাংশন লক:**

অপেক্ষারত অবস্থায়, ৩ সেকেন্ডের জন্য ‘STOP/CLEAR’ চাপুন, লক-আউট অবস্থায় প্রবেশ করলে একটি দীর্ঘ বীপের শব্দ হবে এবং যদি সময়টি সেট করা থাকে তাহলে তা প্রদর্শিত হবে, অন্যথায়, স্ক্রিনটিতে - প্রদর্শিত হবে। [---]।

চাইল্ড লক ফাংশন পরিহার করতে: লক অবস্থায়, ৩ সেকেন্ডের জন্য ‘STOP/CLEAR’ চাপুন, একটি দীর্ঘ বীপ নির্দেশ করবে যে চাইল্ড লক ফাংশন বন্ধ হয়েছে।

**স্পেসিফিকেশন:**

ক. শুরুতে নবটি ঘুরানোর সময় ঘন্টাটি একবার বেজে উঠবে।

খ. রান্না করার সময় দরজা খোলা থাকলে রান্না চালিয়ে যেতে ‘START/+30 SEC./CONFIRM’ চাপতে হবে।

গ. একবার রান্নার প্রোগ্রামটি সেট হয়ে গেলে, ১ মিনিটের মধ্যে ‘START/+30 SEC./CONFIRM’ না চাপলে সময় প্রদর্শিত হবে। সেটিং বাতিল হয়ে যাবে।

ঘ. ঠিকভাবে বোতাম চাপলে ঘন্টাটি একবার বাজবে, ঠিকভাবে বোতাম না চাপলে কোনো প্রতিক্রিয়া হবে না।

ঙ. রান্না শেষ হয়ে গেলে আপনাকে স্মরণ করিয়ে দেওয়ার জন্য ঘন্টাটি পাঁচবার বাজবে।





| সাধারণ | |
|---|---|
| মাইক্রোওয়েভ ওভেনে টিভি রিসেপশনে সমস্যা হওয়া। | মাইক্রোওয়েভ ওভেন চলার সময় রেডিও এবং টিভির রিসেপশনে সামান্য সমস্যা হতে পারে। এটা হলো অনেক সময় ছোটখাটো বৈদ্যুতিক যন্ত্রপাতি, যেমন: মিক্সার, ভ্যাকুয়াম ক্লিনার এবং বৈদ্যুতিক ফ্যান চালানোর সময় যে সামান্য বৈদ্যুতিক সমস্যা হয় তার মতই। এটা স্বাভাবিক। |
| অনুজ্জ্বল ওভেন বাতি। | মাইক্রোওয়েভে কম পাওয়ারে রান্নার সময় ওভেনের লাইটটি DIM বা অনুজ্জ্বল হতে পারে। এটা স্বাভাবিক। |
| ওভেনের দরজায় বাষ্প জড়ো হওয়া, ধোঁয়া নির্গমনের পথ গরম হাওয়া। | রান্নার সময় খাবার থেকে ধোঁয়া আসতে পারে। বেশিরভাগ ক্ষেত্রে ধোঁয়া নালির ভেতর থেকে বের হয়। কিন্তু কিছু সময় ওভেনের দরজার মত ঠান্ডা জায়গায় বাষ্প জড়ো হয়। এটা স্বাভাবিক। |
| ভেতরে খাবার ছাড়া হঠাৎ ওভেন চালু করা। | খাবার ওভেনে না রেখে ওভেন চালু করা সম্পূর্ন নিষেধ। এটা খুব বিপজ্জনক। |

| সমস্যা | সম্ভাব্য কারণ | প্রতিকার |
|---|---|---|
| ওভেন চালু না হওয়া। | ক. পাওয়ারের কর্ডটি শক্তভাবে সংযুক্ত হয়নি। | ক. সংযোগ বিচ্ছিন্ন করুন। তারপর ১০ সেকেন্ড পরে আবার সংযোগ দিন। |
| | খ. ফিউস ব্লোইং হচ্ছে অথবা সার্কিট ব্রেকার কাজ করছে। | খ. ফিউসটি প্রতিস্থাপন করুন অথবা সার্কিটব্রেকার রিসেট করুন (কোম্পানির পেশাদার ব্যক্তি কর্তৃক মেরামতকৃত)। |
| | গ. আউটলেটে সমস্যা। | গ. অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি দিয়ে আউটলেটটি পরীক্ষা করুন। |
| ওভেনটি গরম হচ্ছে না। | ঘ. দরজা ভালভাবে বন্ধ না হওয়া। | ঘ. দরজাটি ভালভাবে বন্ধ করুন। |

**বর্জ্য ত্যাগ:**

ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স যন্ত্রের বর্জ্য ‘WEEE’ নির্দেশনা অনুসারে, ‘WEEE’ আলাদাভাবে সংগ্রহের ব্যবস্থা করা উচিত। যদি ভবিষ্যতের কোনো সময়ে আপনার এই পণ্যটি DISPOSE করা প্রয়োজন পড়ে, তবে দয়া করে আপনার গৃহস্থালির বর্জ্যের সাথে DISPOSE করবেন না। দয়া করে পণ্যটি ‘WEEE’ সংগ্রহ কেন্দ্রে প্রেরণ করুন।

# ওয়ালটন

ওয়ারেন্টি কার্ড

| | ওয়ারেন্টি কাঠামো | | |
|---|---|---|---|
| ব্যবহারের প্রকৃতি | মেইন পার্টস | স্পেয়ার পার্টস সাপোর্ট | বিক্রয়োত্তর সেবা |
| আবাসিক | ২ বছর | ১ বছর | ১ বছর |

গ্রাহকের নাম :.............................................................................................

ঠিকানা :.............................................................................................

টেলিফোন/মোবাইল :................................................ ই-মেইল:.......................................

বিক্রয়ের তারিখ

| তারিখ | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

বারকোড নাম্বার

পরিবেশক/বিক্রেতা :

...............................
ক্রেতার স্বাক্ষর

...............................
পরিবেশক/বিক্রেতার সিল এবং স্বাক্ষর

## যে কারণে ওয়ারেন্টি কার্যকর হবে না

১. পণ্যটির কোনোরূপ অপব্যবহার, নিয়ম না মেনে চালানো, খাবার ছাড়া অন্য কিছু গরম করার জন্য ওভেন চালালে, ওয়ালটন অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কাউকে দিয়ে ওভেন খোলা হলে ওয়ারেন্টি বাতিল বলে গণ্য হবে।

২. দূর্ঘটনা, ইলেকট্রিক লাইনে ত্রুটি, অস্বাভাবিক কারণে, ব্যবহারকারীর ভুল পরিচালনার কারণে পণ্যটির ক্ষতিসাধন হলে, ওয়ারেন্টি বাতিল হবে।

৩. বারকোড ও QC Sticker খুলে ফেললে ওয়ারেন্টি বাতিল হবে।

৪. ওভেনের ভেতর যদি কোনো কারণে পানি ঢুকে যন্ত্রটির ক্ষতি হয় তবে ওয়ারেন্টি বাতিল বলে গণ্য হবে।

৫. ওভেনের গ্লাসডোর, গ্লাস ট্রে পার্টস ভেঙ্গে গেলে ব্যবহারকারীকে তা সার্ভিস সেন্টার থেকে নতুন করে কিনে নিতে হবে।

৬. ভুল সকেটে সংযোগ দিয়ে চালানোর ফলে যদি পাওয়ার কর্ডে কোনোরূপ ক্ষতিসাধন হয় তবে তার জন্য ওয়ারেন্টি সুবিধা পাবে না।

৭. ওভেন চলমান অবস্থায় অসাবধানতাবশত ব্যবহারকারী উক্ত স্থান পরিত্যাগ করলে অধিক তাপ উৎপন্ন হবার কারণে ওভেনে সমস্যা হলে ওয়ারেন্টি পাবে না।

৮. পণ্যটির বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ওয়ারেন্টি সুবিধা পাবে না।

# নোট